

## জরুরি অবস্থায় 999 ডায়াল করুন

অন্য কোন কারনের জন্য এটি ব্যবহার করবেন না।

## 999 -কে ফোন করা

আপনার যদি দমকল, পুলিশ অথবা অ্যাম্বুলেন্স লাগে তাহলে আপনার 999-কে ফোন করা উচিত। 999-এর কল বিনামূল্যের। আপনি মোবাইল ফোনসহ যে কোন ফোন থেকে কল করতে পারেন।

জরুরি অবস্থা না হলে 999-কে কল করবেন না। 999-এর সমস্ত কল রেকর্ড করা হয় এবং আপনি যদি একটি তামাসা আপাতকালীন কল করেন তাহলে আপনি আইন অমান্য করছেন।

লাইন পাবার পর, অপারেটর আপনাকে জিজ্ঞাসা করবেন আপনি কোন পরিষেবা চান: দমকল, পুলিশ অথবা অ্যাম্বুলেন্স পরিষেবা। অনুগ্রহ করে মনোযোগ সহকারে শুনবেন এবং অধৈর্য হবেন না।

তার পর আপনার কল আপনার আকাঙ্ক্ষিত পরিষেবার আপাতকালীন নিয়ন্ত্রন কক্ষের অপারেটরের কাছে পাঠানো হবে। তারা আপনাকে অনেকগুলি প্রশ্ন করবে। স্পষ্ট ভাবে প্রশ্নগুলির উত্তর দেবেন, এবং না বলা অবধি টেলিফোন রাখবেন না।

আপনি যদি ইংরেজি বলতে না পারেন, আমাদের পরামর্শ হচ্ছে আপনি আপনার ঠিকানা বলা অভ্যাস করুন এবং আপনি একটি ল্যাণ্ডলাইন থেকে ফোন করবেন, যাতে আমরা আপনার গৃহের হদিশ পাই।

## সাধারণ অনুসন্ধান এবং

## আপাতকালীন সহায়তা

London Fire Brigade

169 Union Street, London SE1 0LL

টেলিফোন: 020 8555 1200

ইমেল: [info@london-fire.gov.uk](mailto:info@london-fire.gov.uk)

(সোমবার থেকে শুব্বার সকাল 8 টা থেকে বিকেল 5 টা পরিষেবা দেওয়া হয়)

আমরা শুধু ইংরেজীতে কল করলে উত্তর দিতে পারি; অনুরোধ করলে আমরা একজন দোভাষী অথবা অনুবাদের ব্যবস্থা করতে পারি। আমরা যদি বিদেশী ভাষায় কোন চিঠি বা ইমেল পাই আমরা তার অনুবাদ করাবো এবং সেই ভাষায় উত্তর দেব।